

তথ্য

বর্তমানে বিপাস (bpas) এর ওয়েবসাইটে শুধুমাত্র ইংরেজিতে তথ্য প্রকাশ করা হয়। এখনই কারোর সাথে কথা বলতে চাইলে আমাদেরকে **03457 30 40 30** নাম্বার ফোন করতে পারেন। ইউ.কে-র বাইর থেকে ফোন করলে অনুগ্রহ করে **+44 1789 508 211** নাম্বারে ডায়াল করবেন।

‘বিপাস’ সম্পর্কে

‘বিপাস’ অমুনাফাকারী একটি চ্যারিটি (দাতব্য প্রতিষ্ঠান)। এই প্রতিষ্ঠান নিরাপদ এবং বৈধ এবোর্শন (গর্ভপাত) সেবা প্রদানের জন্য 1968 সালে রেজিস্ট্রেশন (নিবন্ধন) লাভ করেছে।

‘বিপাস’ বর্তমানে প্রতি বছর 55,000 থেকেও বেশি মহিলার এবোর্শন করে থাকে। এদের মধ্যে আনুমানিক 4,000 মহিলাই বিদেশের।

আমরা জানি যে, এবোর্শনের এটা আপনার জন্য একটি কঠিন সময় হতে পারে এবং অন্য একটি দেশে আসা নিয়ে আপনি চিন্তিত থাকতে পারেন। তবে অনুগ্রহ করে নিশ্চিত থাকুন যে এবোর্শন প্রক্রিয়াটিকে যতটুকু সম্ভব সহজ করার জন্য ‘বিপাস’ তার ক্ষমতার ভিতরে যা কিছু করার তার সবকিছুই করবে।

বিদেশ থেকে ‘বিপাস’ এর সাথে খুব সহজেই এপয়েন্টমেন্ট করা যায় এবং তা সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

আমাদের সাথে যেভাবে যোগাযোগ করবেন

এবোর্শনের সাথে জড়িত বিষয়গুলো নিয়ে কারোর সাথে আলাপ করতে চাইলে আমাদের সাথে আপনার নিজ ভাষায় কথা বলতে পারবেন। এর জন্য আপনাকে বাড়তি একটি পয়সাও দিতে হবে না।

আপনার নিজ ভাষায় কথা বলতে চাইলে অনুগ্রহ করে ‘বিপাসকে’ **03457 30 40 30** নাম্বারে ফোন করবেন। ইউ.কে-র বাইর থেকে ফোন করলে **+44 1789 508 211** নাম্বারে ফোন করবেন।

যদি ইংরেজি আপনার মাতৃভাষা না হয় এবং এপয়েন্টমেন্টে আসার পর আপনার ভাষাগত সাহায্যের দরকার হয়, তবে অনুগ্রহ করে ‘বিপাস’ এর টেলিফোন ওপারেটরকে তা বলবেন। আমরা তখন একজন অনুবাদকের ব্যবস্থা করবো।

‘বিপাস’ এর সাথে এপয়েন্টমেন্ট করা সম্পর্কে

ইউ.কে-র বাইর থেকে ফোন করলে অনুগ্রহ করে বিপাসকে নিচের নাম্বারে ফোন করবেন:

+44 1789 508 211

নিম্নলিখিত সময়গুলোতে (ইউ.কে-র সময় অনুসারে) ফোন লাইন খোলা থাকে:

সোমবার থেকে শুক্রবার: সকাল 8টা থেকে রাত ৯টা

শনিবার: সকাল 8.30টা থেকে সন্ধ্যা 6টা

রোববার সকাল 9.30টা থেকে বিকাল 2.30টা

বিকল্প হিসাবে আমাদেরকে ইমেইল করতে পারেন। আমাদের ইমেইল এড্রেস হলো: info@bpas.org।

আপনি চাইলে এপয়েন্টমেন্টের বিস্তারিত জানিয়ে আপনাকে আমরা একটি চিঠি লিখতে পারবো (যদি চিঠি আপনার কাছে পৌঁছার মতো সময় আপনার হাতে থাকে)। অনুগ্রহ করে জেনে রাখুন যে ‘বিপাস’ সাদা (আপনার ঠিকানা ছাড়া অন্য কোনো লেখা বিহীন) খামে ভরে সকল চিঠিপত্র পাঠিয়ে থাকে।

পরামর্শ ও চিকিৎসার জন্য আপনাকে কোথায় আসতে হবে, সে সম্পর্কে ফোনের ওপারেটর আপনাকে বলে দেবেন। আমাদের কোনো ওয়েইটিং লিস্ট (অপেক্ষাকারীদের তালিকা) নেই। সকালে, সন্ধ্যায় বা উইকেন্ডে (শনি ও রবিবারে) এপয়েন্টমেন্ট করতে পারবেন।

ইংল্যান্ড এবং ওয়েলসে ‘বিপাস’ এর বিভিন্ন সেন্টার রয়েছে। আপনার পছন্দ ও সুবিধা মতো সেন্টারে আপনি আসতে পারবেন। সেন্টারের স্থানগুলো দেখতে চাইলে এখানে ক্লিক করুন।

ক্লিনিকে আসা ও থাকার ব্যবস্থা সম্পর্কেও ‘বিপাস’ আপনাকে ব্যবহারিক তথ্য দেবে। ‘বিপাস’ আপনার দৈনন্দিন জীবনের সাথে মানানসই করে এপয়েন্টমেন্ট দেবে।

বিপাস (bpas) – পরিচর্যা, গোপনতা, নিরাপদ, পেশাদার।